

Joint Press Release on First Meeting of India-Maldives Joint Working Group on Counter Terrorism, Countering Violent Extremism and De-Radicalisation

April 08, 2021

ভারত-মালদ্বীপ যৌথ ওয়ার্কিং গ্রুপের সন্ত্রাসবাদ, সহিংস চরমপন্থা ও ডি-র্যাডিক্যালাইজেশন বিবোধী প্রথম বৈঠকের যৌথ প্রেস বিজ্ঞপ্তি

এপ্রিল 08, 2021

ভারত ও মালদ্বীপের মধ্যে সন্ত্রাসবাদ, সহিংস চরমপন্থা ও ডি-র্যাডিক্যালাইজেশন সম্পর্কিত যৌথ ওয়ার্কিং গ্রুপের প্রথম বৈঠক ৪ এপ্রিল, 2021, নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। ভারতীয় দলের নেতৃত্বে ছিলেন পররাষ্ট্র মন্ত্রকের সচিব (পশ্চিম), শ্রী বিকাশ স্বরূপ এবং মালদ্বীপের নেতৃত্বে ছিলেন বিদেশ সচিব শ্রী আবদুল গাফুর মোহাম্মদ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রাষ্ট্রপতি ইব্রাহিম মোহাম্মদ সোলির নেতৃত্বে ভারত ও মালদ্বীপের দ্বিপাক্ষিক সম্পর্ক সময়ের সাথে সাথে উত্তম প্রতিবেশীসুলভ সৌহার্দ্য ও বন্ধনের প্রতীক রূপে প্রতিষ্ঠা পায় এবং তার ফলস্বরূপ এক বন্ধুত্বপূর্ণ ও গঠনমূলক পরিবেশে বৈঠকটি অনুষ্ঠিত হয়েছিল।

ভারত ও মালদ্বীপ যে কোনও প্রকার ও পদ্ধতিতে আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের প্রতি তীব্র নিন্দা জানিয়েছে এবং একটি সুসংহত ও স্থিতিশীল উপায়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে আন্তর্জাতিক সহযোগিতা জোরদার করার উপর জোর দিয়েছে। উভয় পক্ষই জাতিসংঘের নিষেধাজ্ঞাগুলির অধীনে থাকা সন্ত্রাসী সংস্থাগুলির দেওয়া হুমকি পর্যালোচনা করেছে এবং সমস্ত সন্ত্রাসী নেটওয়ার্কের বিরুদ্ধে সম্মিলিত ব্যবস্থা গ্রহণের উপর জোর দিয়েছে। তাদের নিয়ন্ত্রণাধীন কোনও অঞ্চল যেন অন্যের উপর সন্ত্রাসবাদী হামলার জন্য ব্যবহার না করা হয় এবং এই জাতীয় হামলার অপরাধীদের দ্রুত বিচারের আওতায় আনার লক্ষ্যে সকল দেশে তাৎক্ষণিক, স্থিতিশীল, যাচাইযোগ্য এবং অপরিবর্তনীয় জরুরী ব্যবস্থা গ্রহণের ওপর জোর দিয়েছিল।

2019 সালের জুন মাসে প্রধানমন্ত্রী মোদীর মালদ্বীপ সফরকালে জারি করা যৌথ বিবৃতির উল্লেখ করে উভয় পক্ষ সন্ত্রাসবাদ, সহিংস চরমপন্থা ও র্যাডিক্যালাইজেশনকে এই অঞ্চলের শান্তি ও সুরক্ষার প্রেক্ষিতে হুমকি হিসেবে স্বীকার করে নেয়। এই জাতীয় হুমকির ক্ষেত্রে মালদ্বীপের রাষ্ট্রপতি সোলিহর সরকারের সুস্পষ্ট দৃষ্টিভঙ্গি এবং এই বিষয়ে গৃহীত পদক্ষেপের প্রশংসা করে ভারত।

র্যাডিক্যালাইজেশন ও সহিংস চরমপন্থার মোকাবিলা, সন্ত্রাসবাদের অর্থায়ন মোকাবিলা, সন্ত্রাসবাদ ও সহিংস চরমপন্থার জন্য ইন্টারনেটের অপব্যবহার রোধ, তথ্য আদান প্রদান, সক্ষমতা বৃদ্ধি ও পুলিশ, সুরক্ষা বাহিনী, শুল্ক, ইমিগ্রেশন এবং অন্যান্য সম্পর্কিত সংস্থার মধ্যে প্রাতিষ্ঠানিক সংযোগ স্থাপনসহ বিভিন্ন বিষয়ে উভয়পক্ষ মতবিনিময় করেছে। তদুপরি, মাদক ও মাদক পাচারের বিরুদ্ধেও দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়াতে

উভয় পক্ষ মতবিনিময় করেন। কোভিড-19 মহামারীর ফলে সন্ত্রাসবাদ, সহিংস চরমপন্থা ও র্যাডিক্যালাইজেশন মোকাবিলায় যে সমস্যা সৃষ্টি হয়েছে, সেগুলিও আলোচনার অন্তর্ভুক্ত করা হয়েছিল।

উভয় পক্ষই মালদ্বীপের সুরক্ষা এবং আইন প্রয়োগকারী সংস্থা এবং মালদ্বীপের অন্যান্য সম্পর্কিত সংস্থাগুলির সাথে সন্ত্রাসবাদ প্রতিরোধে সহযোগিতা এবং সর্বোত্তম অনুশীলনের আদান প্রদান, সহিংস চরমপন্থা এবং র্যাডিক্যালাইজেশন রোধ ও প্রতিরোধের ক্ষেত্রে সহযোগিতা জোরদার করতে সম্মত হয়েছে। উভয় পক্ষ বহুপাক্ষিক ফোরামে সহযোগিতা নিয়েও আলোচনা করেছে।

মালদ্বীপের প্রতিনিধি দল নয়াদিল্লিতে অবস্থানকালে ন্যাশনাল সিকিউরিটি গার্ড এবং পুলিশ গবেষণা ও উন্নয়ন ব্যুরোর প্রশিক্ষণ ভবনও পরিদর্শন করবেন।

নিউ দিল্লি

এপ্রিল 08, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.